

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০০১.১৮.১৫৪.১৪.

তারিখ ১২/০২/২০১৯ খ্রি:

**বিষয়ঃ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব রওনক মাহমুদ, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

তারিখঃ ১১ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিঃ/২৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ।

সময়ঃ বিকাল ০৪:০০ ঘটিকা।

সভার স্থানঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভাকক্ষ, ২য় তলা।

উপস্থিত তালিকাঃ পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক(প্রশাসন) এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে গত ০৬ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে গৃহীত সংশ্লিষ্ট কর্মসূচি সভায় উপস্থাপন করেন। তিনি প্রতি বছরের ন্যায় এ বছরও “মহান শহীদ দিবস” ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯” যথাযথ মর্যাদার সাথে উদযাপনের বিষয় এবং জাতীয় পতাকা সঠিক মাপ ও রং এর তৈরি এবং অর্ধনমিত রাখার বিষয়টি আলোচনা করেন। সভায় দিবসটি যথাযথ ভাবে উদযাপনের বিষয়ে আলোচনা-পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা / কর্মকর্তা	মন্তব্য
১.	কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা তৈরি করে যথাযথ নিয়মে অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	কারিগরি শিক্ষা অধিদপ্তর, সহকারী পরিচালক (শাখা-২) এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।	ঢাকা শহরের বাহিরে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে স্ব স্ব কর্মসূচি পালন করবে।
২.	কেন্দ্রীয় শহীদ মিনারে মহান ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে পদযাত্রা বিষয়ে আলোচনা করা হয়।	কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ঢাকাস্থ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ ২১ শে ফেব্রুয়ারী ২০১৯ ভোর ৫.৩০ মিনিটের মধ্যে নীলক্ষেতস্থ ব্যানবেইজের সামনে উপস্থিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	কারিগরি শিক্ষা অধিদপ্তর-৬০ জন এসটিইপি-১০ জন ঢাকা পলি. ইনস্টিটিউট -২০ জন ঢাকা মহিলা পলি. ইনস্টি. ০৫ জন টিটিটিসি -১০ জন গ্রাফিক আর্টস ইনস্টিটিউট-১০ জন গ্লাস এ্যান্ড সিরামিক -১০ জন	ঐ
৩.	পদযাত্রার ব্যানার ও ফুলের তোড়া তৈরির বিষয়ে আলোচনা হয়।	কারিগরি শিক্ষা অধিদপ্তরের একই ব্যানার ও ফুলের তোড়ার সাথে ঢাকাস্থ অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ পদযাত্রা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো.জাহিদুল কবীর খান, সহকারী পরিচালক শাখা-২	ঐ
৪	মহান ভাষা শহীদদের উদ্দেশ্যে দোয়া মাহফিল আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	যোহর নামাজের পর কারিগরি শিক্ষা অধিদপ্তরে ও অধিদপ্তরাধীন ঢাকাস্থ শিক্ষা প্রতিষ্ঠানে দোয়া মাহফিলের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়	কারিগরি শিক্ষা অধিদপ্তরের নামাজ ঘরে সহকারী পরিচালক(শাখা-২) ও স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করবেন।	ঐ
৫	কালো ব্যাজ ধারণ সম্পর্কে সভায় আলোচনা।	কারিগরি ও মাদ্রাসা বিভাগ হতে প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাজ সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (শাখা-২) সংগ্রহ ও বিতরণ করা।	ঐ

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(রওনক মাহমুদ)

অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬-১৩ । প্রকল্প পরিচালক (অধিদপ্তরাধীন সকল প্রকল্প)....., কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৪-১৯ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ/ডিটিআই, বগুড়া।
- ২০-৬৮ । অধ্যক্ষ.....পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৬৯-১৩২ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
- ১৩৩-১৪২ । সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৪৩-১৪৭ । আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ১৪৮। ইকুপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০০১.১৮.১৫৪.১৪. ৫২

তারিখ : ১২/০২/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।



(মো: সামসাদ খলিল)  
সহকারী পরিচালক-১  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।